গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০০৬.২০-৮৪০

তারিখ: ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে স্কীম বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এর স্মারক নং-১৮৭০, তারিখ: ২২/১১/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নবর্ণিত স্কীম বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার হতে একটি প্রস্তাব পাওয়া যায়।

| ক্র: নং | বিবরণ | প্রাক্কলিত মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম এর (১) প্রশাসনিক ভবনের সেমিনার রুমে এসি সরবরাহ (২) প্রশাসনিক ভবনের সেমিনার রুমে আসবাবপত্র ও সাউন্ড সিস্টেম সরবরাহ (৩) প্রশাসনিক ভবনের নিরাপত্তার জন্য গ্রীল নির্মাণ (৪) প্রশাসনিক ভবন ও হলরুম এলাকায় পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ (৫) প্রশাসনিক ভবনের গেট নির্মাণ (৬) প্রশাসনিক ভবন ও হলরুম এর সামনে আরসিসি রাস্তা ও মাটি ভরাটকরণ। | ৩৯,৯৫,৮১১/- (উনচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার আটশত এগারো) | রাজস্ব তহবিলের অর্থায়নে |

০২। এমতাবস্থায়, উক্ত স্কীমটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের বিষয়টি বিবেচনার সুবিধার্থে আসবাবপত্রের জন্য কত টাকা এবং অন্যান্য কি কি কাজে কত টাকা ব্যয় করা হবে তা পরীক্ষা/যাচাই করে স্পষ্ট করে উপজেলা মাসিক সভার কার্যবিবরণীতে উল্লেখপূর্বক পৃথক পৃথক প্রাক্কলনসহ পুন:প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

20/12/22

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ২২৩৩৫৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নোয়াখালী।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।